



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ পরিচালক এর কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ঝালকাঠি।
www.dae.jhalakathi.gov.bd



মুজিব বর্ষের অঙ্গীকার
নিরাপদ সবজি উপহার

স্মারক নং- ৭৫৪

তারিখঃ ২৮/০৮/২০২২ খ্রি.


বিষয় ৪- সার ও বীজ সরকার নির্ধারিত মূল্যে বিক্রয় নিশ্চিতকরণ, তেল ফসলের আবাদ বৃদ্ধি এবং অনাবাদি পতিত জমিতে ফসল উৎপাদন কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন ও মনিটরিং জোড়াদারকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, খাদ্য নিরাপত্তা ও পুষ্টি চাহিদা পূরণে অনাবাদি পতিত জমিতে ফসল উৎপাদন ও তেল ফসলের আবাদ বাড়ানো প্রয়োজন। এ লক্ষ্যে কৃষক পর্যায়ে সার, বীজ, বালাইনাশকসহ অন্যান্য উপকরণের সরবরাহ নিশ্চিত করা দরকার। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা ও কৃষি মন্ত্রণালয়ের বিভিন্ন সময়ের পরিপত্র মোতাবেক মাঠ পর্যায়ের কর্মকান্ড যথাযথভাবে বাস্তবায়ন ও মনিটরিং করার জন্য নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করতে হবে-

- ১) বসতবাড়ির আউনায় পারিবারিক পুষ্টি বাগান স্থাপনের মাধ্যমে পরিকল্পনা মোতাবেক সারাবছর সবজি উৎপাদন নিশ্চিত করতে হবে।
- ২) ব্লক পর্যায়ে পরিকল্পনা মোতাবেক মৌসুমভিত্তিক প্রণয়নকৃত পরিকল্পনা অনুযায়ী পতিত জমিতে ফসল উৎপাদন কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।
- ৩) ব্লক পর্যায়ে পরিকল্পনা মোতাবেক তেল ফসলের আবাদ বৃদ্ধি করতে হবে।
- ৪) আত্মকর্মসংস্থান ও আয়বর্ধক কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে আপনার উপজেলায় বানিজ্যিক ভিত্তিতে কমিউনিটি বেইজড ভার্মিকস্পোস্ট উৎপাদন ও সম্প্রসারণের লক্ষ্যে কৃষকদের মধ্যে বিতরণ/ বিপণন করে মাটির স্বাস্থ্য উন্নয়নে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ৫) মুজিব শতবর্ষ উপলক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী যে সকল গৃহহীনদের গৃহ দিয়েছেন সেই সকল গৃহে পারিবারিক পুষ্টিবাগান স্থাপন এবং এখনও যেখানে স্থাপন করা হয় নাই সেখানে সম্ভাব্য স্থানে পুষ্টিবাগান স্থাপন করতে হবে।
- ৬) মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক এক ইঞ্চি জমি অনাবাদি না রেখে যেখানে যে ফসল উৎপাদন করা সম্ভব সেই ফসলের আবাদে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। উপজেলা পরিষদের সভায় আলোচনা করে উপজেলা পরিষদের চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার সহ অন্যান্য কর্মকর্তা এবং স্থানীয় জনপ্রতিনিধিদের সমন্বয়ে ফলপ্রসূ পরিকল্পনা গ্রহণ করতে হবে।
- ৭) সার, বীজ, বালাইনাশক ও অন্যান্য কৃষি উপকরণের সহজ প্রাপ্তি নিশ্চিত করতে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে। এসব পন্যের প্রত্যেকটি বিক্রয়কেন্দ্রে মনিটরিং জোরদার করার লক্ষ্যে উপসহকারী কৃষি কর্মকর্তাদের দায়িত্ব প্রদান করে সার্বক্ষণিক মনিটরিং ব্যবস্থা গড়ে তুলতে হবে যেন কৃষক পর্যায়ে সরকার নির্ধারিত মূল্যে পন্যগুলির বিক্রি নিশ্চিত হয়।
- ৮) বর্তমান আমন মৌসুমে লক্ষ্যমাত্রা অনুযায়ী আমন ধান আবাদ অর্জনে কৃষকদের পাশে থেকে সম্প্রসারণ কার্যক্রম জোরদার করতে হবে।
- ৯) আসন্ন রবি মৌসুমে ব্লক পর্যায়ের পরিকল্পনা অনুযায়ী বোরো ধানের আবাদ বৃদ্ধির পদক্ষেপ গ্রহণ করতে হবে। বিশেষ করে গত বোরো মৌসুমে কৃষক পর্যায়ে উৎপাদিত মানসম্পন্ন বীজ কৃষকদের চাহিদা মোতাবেক সংরক্ষণের কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে যেন আসন্ন বোরো মৌসুমে অন্যান্য উৎস থেকে বীজ সংগ্রহ করতে না হয়।

উপর্যুক্ত ক্ষেত্রসমূহ ছাড়াও ফসল উৎপাদন বাড়াতে ফলপ্রসূ সম্প্রসারণ সেবা প্রদানে যথাযথ কর্মপরিকল্পনা প্রণয়ন করে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

উপজেলা কৃষি অফিসার
ঝালকাঠি সদর/নলছিটি/রাজাপুর/কাঠালিয়া, ঝালকাঠি।


(মোঃ মনিরুল ইসলাম)

উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ঝালকাঠি।
০২৪৭৮৮৭৫৩২৪
ddaejkt@yahoo.com

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে

- ১। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বরিশাল অঞ্চল বরিশাল(সদয় অবগতির জন্য)।
- ২। জেলা প্রশিক্ষণ অফিসার, ডিএই, ঝালকাঠি।
- ৩। অতিরিক্ত উপপরিচালক, শস্য/পিপি/উদ্যান, ডিএই, ঝালকাঠি।